দৈনিক ইনকিলাব

MAR. 25 2002

# দারুল ইহসান বিশ্ববিদ্যালয় শিক্ষাকে বাণিজ্যিকীকরণ করতে চায় না

## ভিসি এম এ হামিদ

**স্টার্ফ রিপোর্টার ঃ** ২য় সমাবর্তন উৎসব উপলক্ষে আয়োজিত এক সংবাদ সম্মেলনে দারুল ইহসান বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ডঃ এম এ হামিদ বেসরকারী বিশ্ববিদ্যালয়গুলোর শিক্ষারমান সংরক্ষণের ক্ষেত্রে নিজেদের শ্রেষ্ঠত্ব দাবী করেছেন। তিনি বলেন, দারুল ইহসান বিশ্ববিদ্যালয় শিক্ষাকে বাণিজ্যিকীকরণ কতে চায় না। বিশ্ববিদ্যালয় পরিচালনার নেপথ্যে কাজ করছে একটি আদর্শ। এই আদর্শ একজন শিক্ষার্থীকে নৈতিক মানদণ্ডের পাশাপাশি নিজ নিজ ক্ষেত্রে দক্ষ ও যোগ্য নাগরিক হিসেবে গড়ে তুলতে সাহায্য করে। আগামী ২৭ মার্চ এই বিশ্ববিদ্যালয় থেকে গ্র্যাজুয়েশন অর্জনকারী এমন ৬০১ জন শিক্ষার্থীদের মধ্যে আনুষ্ঠানিকভাবে সনদপত্র প্রদানের জন্য ২য় সমাবর্তন উৎসবের আয়োজন করা হয়েছে। সংবাদ সম্মেলনে দারুল ইহসান ট্রাস্টের সদস্য সৈয়দ মুজিবুল হক, এম ইয়াকুব লতিফ, প্রফেসর ইউসুফ হোসাইন আহমদ, প্রফেসর আজহার উদ্দীন, প্রফেসর সদরুদ্দীন আহমদ, প্রফেসর ফারুক আহমদ প্রমুখ উপস্থিত ছিলেন।